রাজীব গান্ধীর হত্যাকারী নলিনীর আত্মহত্যার চেষ্টা

জেলেই আত্মহত্যার চেষ্টা করেছেন ভারতের সাবেক প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর হত্যাকারী নলিনী শ্রীহরণ। সোমবার গভীর রাতে জেলের মধ্যে নলিনী আত্মঘাতী হওয়ার চেষ্টা করে বলে জানিয়েছেন তার আইনজীবী। গত ২৯ বছর ধরে হাজতে রয়েছে নলিনী।

নলিনীর আইনজীবী জানিয়েছেন, দীর্ঘ ২৯ বছরে এই প্রথমবার নলিনী এই ধরনের পদক্ষেপ নিয়েছে। নলিনীর সঙ্গে আরেকজন যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামীর সম্প্রতি ঝগড়া হয়। ঘটনাটি জেল কর্মকর্তা পর্যন্ত গড়ায়। ওই ঘটনার পরিপ্রেক্ষিতেই নলিনী আত্মহত্যার চেষ্টা করে।

রাজীব গান্ধী হত্যা মামলায় নলিনীর স্বামী মুরুগনও জেল খাটছে। সে জেল কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছে, নলিনীকে অন্য জেলে স্থানান্তরিত করা হোক। বর্তমানে নলিনী ভেলোর জেলে রয়েছে।

রাজীব গান্ধি হত্যা মামলায় নলিনী-সহ ৭ জনকে দোষী সাব্যস্ত করা হয়। ১৯৯১ সালের ২১ মে শ্রীরুম্বুদুরে একটি নির্বাচনী জনসভায় তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধিকে হত্যা করে এলটিটিই-র এক আত্মঘাতী জঙ্গি।

সূত্র- বিডি প্রতিদিন

দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ৪১ জনের মৃত্যু

বাংলাদেশে মহামারী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৪১ জনের মৃত্যু হয়েছে। এতে করোনা মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল দুই হাজার ৭০৯ জনে।

আজ মঙ্গলবার দুপুরে স্বাস্থ্য অধিদফতরের করোনাভাইরাস বিষয়ক নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে এসব তথ্য জানান অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ব্যক্তিদের মধ্যে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে সর্বোচ্চ সংখ্যক ব্যক্তির মৃত্যু হয়েছে করোনায়। দুই বিভাগেই ১৫ জন করে মোট ৩০ জন মারা গেছেন। দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৫৭ জন।

সূত্র- বিডি প্রতিদিন

এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে প্রতিষ্ঠাবার্ষিকীতে নানান আয়োজন

আর্তমানবতার সেবায় নিবেদিত আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন এপেক্স ক্লাব অব বাংলাদেশ তার গৌরবের নিয়মিত পথ চলার ৬০ বছরে পদার্পণ করেছে। ১৯৬১ সালের এই দিনে এপেক্স অস্ট্রেলিয়ার জোন ১০ এর অধীন তৎকালীন পশ্চিম পাকিস্তানের করাচী এপেক্স ক্লাবের সহযোগিতায় ঢাকার শাহবাগ হোটেলে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশে এপেক্স আন্দোলনের যাত্রা শুরু হয়। দেখতে দেখতে এপেক্স ক্লাব অব বাংলাদেশ ৫৯টি বছর পার করে ৬০ বছরে পা রাখতে সক্ষম হয়েছে।

এই উপলক্ষে এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার পক্ষ থেকে বৃক্ষরোপন, মাস্ক বিতরণ ও দোয়া মোনাজাতের মধ্য দিয়ে এবারের কর্মসুচী সম্পন্ন করেছে।

এছাড়াও সামাজিক দুরত্ব বজায় রেখে ক্লাবের পক্ষ থেকে বৃক্ষরোপন শেষে করোনা ভাইরাসের বিষয়ে জনসচেতনতার অংশ হিসেবে শহরের বিভিন্ন এলাকায় মানুষের মধ্যে মাস্ক বিতরণ শেষে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা এবং এপেক্স বাংলাদেশের উত্তরোত্তর সমৃদ্ধ ও সফলতা কামনা করে এপেক্সিয়ানরা যেন সেবা,

স্ত্রীকে যৌন নিপীড়নের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার হোগোল বাড়িয়া গ্রামে এক ভাংড়ি ব্যবসায়ীর স্ত্রীকে জোর পুর্বক যৌন নিপীড়নের অভিযোগ উঠেছে। সোমবার সকালে যৌন নিপীড়ক উসমানের বিরুদ্ধে গাংনী থানায় অভিযোগ দায়ের করেন ভুক্তভোগী ওই নারী।

জানাগেছে, গত রবিবার রাত ৮ টার সময় গোগলবাড়িয়া গ্রামের হির পাড়ার এক দিনমজুর ভাংড়ি ব্যবাসীয়র স্ত্রী তার নিজ ঘরে বসে হাতুড়ি দিয়ে লোহা ভাঙ্গা ও ভাংড়ি ভাছাইয়ের কাজ করছিলেন। এসময় প্রতিবেশী কাশেমের ছেলে উসমান (৩২) ওই নারীকে জোরপুর্বক যৌন নিপীড়নের চেষ্টা চালাই।

এসময় নিজেকে রক্ষা করতে ওই নারী চিৎকার করে এবং নিজেকে ছাড়াতে ওসমানের পিঠে হাতুড়ি দিয়ে আঘাত করলে উসমান পালিয়ে যায়। ওই নারীর চিৎকারে তার বৃদ্ধা শাশূড়ি ছুটে এসে তার পত্র বধুকে রক্ষা করে। পরে তার স্বামী বাড়িতে আসলে ঘটনাটি জানায়।

এবিষয়ে উসমানের পরিবকারকে বিষয়টি জানালে উল্টো ভাংড়ি ব্যাবাসয়ীর ওপর ক্ষিপ্ত হয় এবং বড় ধরনের ক্ষতি করার হুমকি দেয়। সোমবার সকালে ওই নারী ও তার শাশুড়ি গাংনী থানায় হাজির হয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

অভিযোগকারি ওই নারী জানান, এর আগেও বেশ কয়েকদিন ধরে আমাকে জোর করে শ্লীলতাহানীর চেষ্টা করে। আমার তিনটি মেয়ে রয়েছে। দুটি মেয়ের বিয়ে দিয়ে স্বামীর সংসার করছে। মান সম্মানের ভয়ে কিছু বলিনি।

নাম প্রকাশে গোপনীয়তা বজায় রাখার শর্তে স্থানীয়রা জানান, উসমান এলাকার একজন চিহ্নিত মাদক সেবী। সে সব সময় গাঁজা ও ফেন্সিডিলে আসক্ত থাকে। তার সাথে বিভিন্ন এলাকার মাদক ব্যাবসায়ীদের যোগাযোগ আছে, যার কারনে তার ভয়ে এলাকার কেউ মুখ খুলতে সাহস পাইনা। উসমানের ভয়ে অনেকেই অতংকিত হয়ে থাকে বলে জানান স্থানীয় এক ভ্যানচালক।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, এবিষয়ে একটি লিখিত অভিযোগ করেছে ওই নারী। তবে বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

[redacted]

[redacted]

কোরবানির পশুর চামড়া সংরক্ষণে লবণ সরবরাহ নিশ্চিত করার উদ্যোগ বিসিকের

আসন্ন ঈদুল আজহায় কোরবানির পশুর চামড়া সুষ্ঠু সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের জন্য ডিলার, পাইকারী ও খুচরা বিক্রেতা পর্যায়ে নিরবচ্ছিন্ন লবণ সরবরাহ নিশ্চিত করার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)। আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে শিল্প মন্ত্রণালয়।

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ইতিমধ্যে বিসিকের পক্ষ থেকে সার্বক্ষণিকভাবে কারখানা চালু রেখে লবণ প্রক্রিয়াজাত করে ডিলার, পাইকারী ও খুচরা বিক্রেতা পর্যায়ে সরবরাহ অব্যাহত রাখতে লবণ মিল মালিকদের দাপ্তরিক নির্দেশনা দেয়া হয়েছে। পাশাপাশি বিভিন্ন জেলায় অবস্থিত ডিলার/পাইকারী বিক্রেতা পর্যায়ে পর্যাপ্ত লবণ মজুদ থাকার বিষয়টি নিশ্চিত করতে বিসিকের জেলা কার্যালয়গুলোকে নির্দেশনা দেয়া হয়েছে।

বিসিক কেন্দ্রীয় কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী বিসিকের জেলা কার্যালয়গুলো সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা ও উপজেলাভিত্তিক ডিলার ও পাইকারী লবণ বিক্রেতাদের তালিকা প্রণয়নের কাজ চূড়ান্ত করছে। এটি প্রণয়ন সম্পন্ন হলে বিভিন্ন এতিমখানা, ইউনিয়ন পরিষদসহ কোরবানির পশুর চামড়া সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কাছে তালিকা সরবরাহ করা হবে।

এছাড়া, ঈদুল আজহাকেন্দ্রীক লবণ সরবরাহ পরিস্থিতি সার্বক্ষণিক তদারকি করতে লবণ জোনগুলোতে অবস্থিত বিসিক কার্যালয়, বিসিকের আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ে পৃথক মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। এ সকল কমিটি মাঠ পর্যায়ে লবণের মজুদ, চলাচল ও মূল্য সংক্রান্ত তথ্যাদি নিয়মিত সংগ্রহ ও মনিটরিং করছে।

বিসিক জানিয়েছে, বর্তমানে লবণ মাঠে ১০ লাখ ৯৩ হাজার মেট্রিক টন এবং লবণ মিলগুলোতে ১ লাখ ৮০ হাজার মেট্রিক টনসহ দেশে ভোজ্য ও শিল্প লবণের মোট মজুদের পরিমাণ ১২ লাখ ৭৩ হাজার মেট্রিক টন। এছাড়া, দেশের সকল জেলায় অবস্থিত ডিলার, পাইকারী ও খুচরা বিক্রেতা

পর্যায়ে আয়োডিনযুক্ত ভোজ্য লবণ মজুদ রয়েছে।

আসন্ন ঈদুল আজহার সময় দেশব্যাপী মোট লবণের চাহিদা কম-বেশি ১ লাখ মেট্রিক টন। বর্তমান মজুদ দিয়েই ঈদুল আজহাসহ আগামী ৭ থেকে ৮ মাসের লবণের চাহিদা মেটানো সম্ভব হবে। উল্লেখ্য, অগামী নভেম্বর, ২০২০ হতে লবণ উৎপাদনের নতুন মওসুম শুরু হবে। ফলে এ বছর লবণের পর্যাপ্ত মজুদ রয়েছে বলে বিসিক জানিয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন

ঈদে ২৫ হাজার কোটি টাকার নতুন নোট ছাড়ছে কেন্দ্রীয় ব্যাংক

আসন্ন ঈদুল আজহা উপলক্ষে ২৫ হাজার কোটি টাকার নতুন নোট ছাড়ছে বাংলাদেশ ব্যাংক। কেন্দ্রীয় ব্যাংক সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্টরা জানান, বছরের সব সময়ই নতুন নোট ছাপানো হয়। তবে ঈদের আগে নতুন নোটের চাহিদা বেশি থাকায় ছাপানোর পরিমাণও বাড়াতে হয়। কোরবানি দেয়ার জন্য অনেকে পশু কিনবে। এতে করে নগদ টাকার লেনদেন বাড়বে।

বিষয়টি মাথায় রেখে নতুন নোট ছাড়া হচ্ছে। এবার নতুন মুদ্রার মধ্যে রয়েছে ১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০ এবং ১০০০ টাকার নোট। কোরবানিতে পশু কেনাবেচায় বড় অঙ্কের লেনদেন বেশি হয়। তাই এবার ৫০০ ও ১০০০ টাকার নোট বেশি ছাড়া হবে।

তবে আগের মতোই সমপরিমাণ পুরাতন নোট বাজার থেকে অপসারণ করা হবে। প্রথমে ২৫ হাজার কোটি টাকার নোট সরবরাহ করা হবে। পরে প্রয়োজন হলে আরও নতুন নোট ছাড়া হবে।

এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র সিরাজুল ইসলাম গণমাধ্যমকে বলেন, চাহিদা-সরবরাহ নীতি অনুসরণ করে বাংলাদেশ ব্যাংক সারা বছর বাজারে নোট সরবরাহ করে। তবে ঈদের আগে চাহিদা বেশি থাকে বলে এসময় বেশি নতুন নোট ছাড়া হয়।

কোরবানির কারণে স্বাভাবিক সময়ের চেয়ে নগদ টাকার চাহিদা বেশি হবে। এটা বিবেচনায় নিয়ে এবার ২৫ হাজার কোটি টাকার নতুন নোট ছাড়ার প্রস্তুতি রাখা হয়েছে।

কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুসারে, বর্তমানে প্রায় দুই লাখ ১৫ হাজার কোটি টাকার কাগজের নোট দেশে প্রচলিত আছে।

সূত্র- বিডি প্রতিদিন

কিছুক্ষণের মধ্যে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ভ্যাকসিনের ১ম ফলাফল

করোনাভাইরাসের টিকা উদ্ভাবনের জন্য অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় যে গবেষণা চালিয়ে যাচ্ছে আজ সেই পরীক্ষার প্রথম ফলাফল প্রকাশ করার কথা রয়েছে।

অ্যাস্ট্রাজেনেকা কোম্পানির সঙ্গে যৌথভাবে এই টিকা তৈরির কাজ চলছে। ইতোমধ্যেই প্রচুর সংখ্যক মানুষের শরীরে এই ভাইরাসের পরীক্ষা চালানো হয়েছে।

গবেষকরা বলছেন, প্রাথমিক ফলাফল প্রকাশের পরেই বোঝা যাবে এই টিকা কতোটা নিরাপদ এবং একইসাথে করোনাভাইরাস মোকাবেলায় এটি কতোখানি কার্যকর।

চিকিৎসা বিষয়ক সাময়িকী দ্য ল্যানসেটে এই গবেষণা ফলাফল প্রকাশিত হবে।

অধিকাংশ বিশেষজ্ঞরা মনে করছেন, আগামী বছরের মাঝামাঝি নাগাদ এই ভাইরাসের টিকা বাজারে চলে আসবে।

সাধারণত এধরনের টিকা তৈরিতে বহু বছর লেগে যায়। সেই বিচারে একে বড় ধরনের বৈজ্ঞানিক অগ্রগতি হিসেবে বিবেচনা করা হচ্ছে।

তবে এই টিকা যে করোনাভাইরাস মোকাবেলায় সফল হবে তার কোন গ্যারান্টি নেই।

মানবদেহে ইতোমধ্যে চার ধরনের করোনাভইরাসের সংক্রমণ ঘটেছে। এর কোনটিরই টিকা তৈরি হয়নি।

এদিকে, কয়েক ঘণ্টার মধ্যে ব্রিটেনের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীদের তৈরি করোনা ভ্যাকসিন চ্যাডক্স-১এনকোভ-১৯ এর প্রথম ধাপের ফল প্রকাশিত হতে যাচ্ছে। ব্রিটিশ ফার্মাসিউটিক্যালস জায়ান্ট অ্যাস্ট্রাজেনেকার সঙ্গে যৌথভাবে এই ভ্যাকসিন তৈরি করেছে অক্সফোর্ড।

বিশ্বের শীর্ষস্থানীয় বিশেষজ্ঞরা বলছেন, আগামী বছরের মাঝের দিকে হয়তো যেকোনও একটি কোভিড-১৯ ভ্যাকসিন বিস্তৃত পরিসরে সহজলভ্য হতে পারে। সাধারণত যেকোনও ভ্যাকসিন তৈরি এবং চূড়ান্ত অনুমোদনের জন্য কয়েকবছর এমনকি কয়েক দশকের দরকার হয়। তবে অক্সফোর্ডের এই ভ্যাকসিন যদি সফল হয় তাহলে সেটি হবে একটি যুগান্তকারী আবিষ্কার।

গত ১৫ জুলাই অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একজন মুখপাত্র বলেন, ভ্যাকসিন তৈরির সঙ্গে সংশ্লিষ্ট বিজ্ঞানী দল বিজ্ঞানবিষয়ক সাময়িকীতে এর ফল প্রকাশের অপেক্ষা করছেন। তবে এ বিষয়ে আর কোনও বিস্তারিত তথ্য তিনি দেননি।

এর আগে অক্সফোর্ডের বিজ্ঞানীরা বলেছিলেন, তারা ভ্যাকসিনটির সফলতার ব্যাপারে ৮০ শতাংশ আশাবাদী। যদি সফল হয় তাহলে আগামী সেপ্টেম্বরের মধ্যেই মানুষের শরীরে ভ্যাকসিনটি প্রয়োগ শুরু করা যেতে পারে। সূত্র: বিবিসি বাংলা

চুয়াডাঙ্গায় আই,সি,ইউ এর দাবিতে মানবতা ফাউন্ডেশনের

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

হবে

কৃষিখাতে ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশে দাঁড়াতে হবে বলে জানিয়েছেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন।

তিনি বলেন, কৃষিখাতসহ ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশে দাঁড়ানো উচিত। তাহলেই কেবল দেশের অর্থনীতির মেরুদন্ড আরও চাঙ্গা হবে। তারা দেশের অর্থনীতিতে বিশেষ অবদান রেখে চলেছে।

সোমবার কুষ্টিয়ার মিরপুরে কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, কৃষিখাতের মাধ্যমে নতুন নতুন উদ্যোক্তা তৈরি হলে বিনিয়োগ বাড়বে,যা দেশের অর্থনীতিতে প্রভাব ফেলবে। কৃষি পণ্য সংরক্ষণ, প্রক্রিয়াজাত ও বাজারজাত কীভাবে করতে হবে সে বিষয়ে কারিগরি সহায়তা পেলে অনেক উন্নতি লাভ করবে।

বর্তমান সরকার কৃষিবান্ধব সরকার উল্লেখ করে তিনি আরও বলেন, মিরপুরের মধু মামুন মৌমাছি ফুল থেকে মধু সংগ্রহ করে তার জীবন বদলে দিয়েছে। তাই তাকে আজ কৃষি অধিদপ্তরের সহযোগিতায় সরকারিভাবে একটি পিক-আপ বিতরণের মধ্য দিয়ে আজ নতুন দিগন্তের সুচনা উন্মোচন করলো। তাই তরুণ উদ্যোক্তাদের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে। এই তরুণরাই কৃষিকে লাভবান কৃষিতে রুপান্তর করবে বলেও জানান তিনি।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে ন্যাশনাল এগ্রিকালচাল টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি-২) ফেজ-২ প্রজেক্ট এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড ও ম্যাচিং গ্রান্ট প্রাপ্ত সিআইজি গ্রপ ও কৃষি উদ্যোগতার মাঝে এসব কৃষি উপকরণ বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিংকন বিশ্বাসের সভাপতিত্বে এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ, কৃৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ সাবিহা সুলতানা, উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ।

পরে কৃষকদের হাতে এসব যন্ত্রপাতির চাবি ও কাগজপত্র তুলে দেন অতিথিরা।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ জানান, কৃষি উন্নয়ন সহায়তার আওতায় ভর্তুকিতে ৫ টি সিআইজি গ্রুপের সদস্যদের মাঝে রিপার, সিডার মেশিনসহ বিভিন্ন ধরনের প্রযুক্তি সহায়তা মেশিন ও তরুণ কৃষি উদ্যোক্তা মধু মামুনকে একটি পিকআপ বিতরণ করা হয়।